



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৮.১৮- ৪২

তারিখ: ২৪.০১.২০১৯খ্রি.

বিষয়: জামালপুর জেলার সদর উপজেলাধীন মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার এফডিআর তহবিল, বাংলাদেশ কৃষি ব্যাংক লি: ছোনটিয়া বাজার শাখা, জামালপুর হিসাব নং-৬৯৩১৯০/৭৬৪ -তে জমাকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ মাত্র) টাকা লভ্যাংশসহ উত্তোলনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: (১) মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার আবেদন

তারিখ: ২৮.১১.২০১৮ খ্রি.

(২) জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, জামালপুর এর স্মারক নং-৩৭.০২.৩৯০০.০০১.১৮.১৮-২৩৭৭

তারিখ: ০২.১২.২০১৮ খ্রি.

(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৮.১৮-২৮১

তারিখ: ০৪.১২.২০১৮ খ্রি.

(৪) উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর এর স্মারক-০৫.৪৫.৩৯৩৬.০০৯.১৬.০১৬.১৭-১০৫৬

তারিখ: ২৩.১২.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারক মূলে তাঁর মাদ্রাসার (মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা) এফডিআর তহবিলে জমাকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা) লভ্যাংশসহ বাংলাদেশ কৃষি ব্যাংক লি: ছোনটিয়া বাজার শাখা, জামালপুর সঞ্চয়ী হিসাব নং-৬৯৩১৯০/৭৬৪ হতে উত্তোলনের অনুমতি চেয়েমাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয়।

০২. সংশ্লিষ্ট মাদ্রাসার মাঠে মাটি ভরাট এবং নতুন গৃহ নির্মাণ সহ উন্নয়ন মূলক কাজের বাস্তব চাহিদা আছে কি না এ সম্পর্কে সরেজমিন তদন্তপূর্বক মাদ্রাসার মাঠে মাটি ভরাট এবং নতুন গৃহ নির্মাণ সহ উন্নয়ন মূলক কাজের বিষয়ে বাস্তবতা ও সঠিকতা যাচাইপূর্বক মতামত সহ একটি প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর বরাবরে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে পত্র প্রেরণ করা হয়েছিল।

০৩. এর প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর কর্তৃক সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে জামালপুর জেলার সদর উপজেলাস্থ মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার মাঠে মাটি ভরাট এবং নতুন গৃহ নির্মাণ সহ উন্নয়ন মূলক কাজের বিষয়ে বাস্তবতা রয়েছে মর্মে মতামতসহ তাঁর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করা হয়।

০৪. এমতাবস্থায় জামালপুর জেলার সদর উপজেলাধীন মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার মাঠে মাটি ভরাট এবং নতুন গৃহ নির্মাণ সহ উন্নয়ন মূলক কাজ করার নিমিত্ত মাদ্রাসার এফডিআর তহবিল, বাংলাদেশ কৃষি ব্যাংক লি: ছোনটিয়া বাজার শাখা, জামালপুর সঞ্চয়ী হিসাব নং-৬৯৩১৯০/৭৬৪ হতে জমাকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা) লভ্যাংশসহ উত্তোলনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, এই অর্থ সরকারি বিধিবিধান মেনে ব্যয় করতে হবে এবং এর কোন প্রকার ব্যত্যয় হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবে। আরও শর্ত থাকে যে, ব্যয়ের একটি প্রতিবেদন অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

M. Hossain
24.01.19

মোহাম্মদ শামসুজ্জামান

উপ-পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪

email:ddfiancedme@gmail.com

সুপার
মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা
ছোনটিয়া বাজার,
জামালপুর সদর, জামালপুর।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।

২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

৩। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর।

৫। ম্যানেজার, বাংলাদেশ কৃষি ব্যাংক লিমিটেড, ছোনটিয়া বাজার শাখা, জামালপুর।

৬। অফিস কপি।